

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ঈমান ও ইসলাম একই জিনিসের দুই নাম এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْإِيمَانَ وَالْإِسْلَامَ اسْمَانِ لِمَعْنًى وَاحِدٍ

আরবী

أخبرنا عبد الله من مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا جَرِيرٌ عَنْ أَبِي حَيَّانَ التَّيْمِيِّ عَنْ أَبِي زُرْعَةَ بْنِ عَمْرِو بْنِ جَرِيرٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ حَيَّانَ التَّيْمِيِّ عَنْ أَبِي وَسُلَّمَ يَوْمًا بَارِزًا لِلنَّاسِ إِذْ أَتَاهُ رَجُلُ يَمْشِي فَقَالَ: يَا مُحَمَّدُ مَا الْإِيمَانُ؟ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا بَارِزًا لِلنَّاسِ إِذْ أَتَاهُ رَجُلُ يَمْشِي فَقَالَ: يَا مُحَمَّدُ مَا الْإِيمَانُ؟ قَالَ: (أَنْ تُؤْمِنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَرُسُلِهِ وَلِقَائِهِ وَتُؤْمِنَ بِالْبَعْثِ الْآخِرِ) قَالَ: يَا رَسُولَ اللَّهِ فَمَا الْإِسْلَامُ؟ قَالَ:

(لَا تُشْرِكُ بِاللَّهِ شَيْئًا وَتُقِيمُ الصَّلَاةَ الْمَكْتُوبَةَ وَتُوَدِّي الزَّكَاةَ الْمَفْرُوضَةَ وَتَصنُومُ رَمَضَانَ) قَالَ: يَا مُحَمَّدُ مَا الْإِحْسَانُ؟ قَالَ:

(أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ فَإِنْ لَمْ تَكُنْ تَرَاهُ فَإِنَّهُ يَرَاكَ) قَالَ يَا مُحَمَّدُ فمتى الساعة؟ قال: (ما المسؤول عَنْهَا بِأَعْلَمَ مِنَ السَّائِلِ وَسَأُحَدَّثُكَ عَنْ أَشْرَاطِهَا: إِذَا وَلَدَتِ الْأَمَةُ رَبَّتَهَا وَرأيتَ الْعُرَاةَ الْحُفَاةَ رؤوس النَّاسِ فِي خَمْسٍ لَا يَعْلَمُهُنَّ إِلَّا اللَّهُ: {إن الله عنده علم الساعة .. } الآية [لقمان: 34] ثُمَّ انْصَرَفَ الرَّجُلُ فَالْتَمَسُوهُ فَلَمْ يَجِدُوهُ فَقَالَ: (ذاك جبريل جاء ليُعَلِّمَ الناس دينهم).

الراوي : أَبُوْ هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 159 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৫৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম



সাহাবীদের উদ্দেশ্যে বের হয়ে আসলেন। এমন সময় একজন ব্যক্তি তাঁর কাছে হেঁটে আসলেন, অতঃপর তাঁকে জিজ্ঞেস করলেন: 'হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ঈমান কী?' জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'ঈমান হলো আল্লাহ, তাঁর ফেরেশতা, রাসূলগণ ও তাঁর সাক্ষাতের প্রতি বিশ্বাস স্থাপন করা, পরকালের পুনরুত্থানের প্রতি বিশ্বাস স্থাপন করা। তিনি বললেন: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ইসলাম কী?' জবাবে তিনি বললেন: 'ইসলাম হলো তুমি আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করবে না, ফর্য সালাত আদায় কর্বে, ফর্য যাকাত প্রদান কর্বে এবং রম্যানের সিয়াম পালন কর্বে।' তিনি বললেন: 'হে মুহাম্মাদ সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়া সাল্লাম, ইহসান কী?' জবাবে তিনি বললেন: 'ইহসান হলো তুমি এমনভাবে ইবাদত করবে যে, যেন তুমি তাঁকে দেখতে পাচ্ছো। যদি তুমি তাকে দেখতে না পাও তবে (মনে করবে যে) নিশ্চয়ই তিনি তোমাকে দেখতে পাচ্ছেন। তিনি আবারো বললেন: 'হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কিয়ামত কখন সংঘটিত হবে?' তিনি বলেন: 'এই ব্যাপারে জিজ্ঞাসিত ব্যক্তি জিজ্ঞেসকারীর চেয়ে বেশি অবগত নন। তবে অচিরেই আমি কিয়ামতের আলামত সম্পর্কে বলবো। কিয়ামতের আলামত হলো তুমি দাসীকে দেখবে তার মুনীবকে প্রসব করতে, দেখবে বিবস্ত্র, নগ্নপদ ব্যক্তিদের মানুষের নেতা হতে। কিয়ামতের জ্ঞান ঐ পাঁচটি বিষয়ের অন্তর্গত, যা আল্লাহ ছাড়া কেউ জানেন না। "নিশ্চয়ই আল্লাহর নিকট রয়েছে কিয়ামতের জ্ঞান।" (সুরা লুকমান: ৩৪।) তারপর লোকটি চলে যায়। অতঃপর সাহাবীগণ তাঁকে খোঁজ করেন, কিন্তু তাঁকে পাননি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'উনি জিবরীল আলাইহিস সালাম, তিনি এসেছিলেন, মানুষকে দ্বীন শিক্ষা দিতে।'[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৭৭৭; সহীহ মুসলিম: ৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৫-৬; ইবনু মাজাহ: ৬৪; নাসাঈ: ৮/১০১; আবু দাউদ: ৪৬৯৮। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৯০৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন